গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ।
ই-মেইল ঃ anandamohan1908@gmail.com.

কলেজ কোড ঃ ৫২০১

নং- ২৫/৯৫৯

তারিখঃ-০১/০২/২০২৬ ইং

২০২৩-২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

২০২৩-২৪ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রিলিমিনারী টু মাষ্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তির প্রাথমিক আবেদন ফরম ০২/০২/২০২৫ **হতে ১৯/০২/২০২৬** তারিখ পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতীত) প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ মধ্যে জমা দেয়া যাবে। প্রাথমিক আবেদনের নিয়মাবলী ও শর্তসমূহ নিম্নরুপঃ

আবেদন ফরম জমা দেয়ার স্থানঃ ব্যবস্থাপনা বিভাগ, আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ।

অন-লাইনে আবেদন করার শেষ তারিখঃ ১৯/০২/২০২৬ খ্রি;

অন-লাইনে পূরণকৃত প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরম অত্র কলেজে জমা দেয়ার শেষ তারিখঃ ২২/০২/২০২৬ খ্রিঃ;

আবেদন ফি-১০০০/- টাকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি রোল ব্যবহার করে রূপালী ক্যাশে জমা দিতে হবে। KEY WORD-AMCMPA

১. আবেদনের যোগ্যতাঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ থেকে ২০২৩ পর্যন্ত ৩ বছর মেয়াদী স্নাতক (পাস) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে নূন্যতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত ছাত্র-ছাত্রী রা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে;

খ) ডিগ্রী (পাস) কোর্সে পঠিত ৪০০ নম্বর সম্বলিত বিষয়সমূহের যে কোনটিতে ভর্তি হওয়া যাবে। ১০০ নম্বরের ইংরেজী বা বাংলা আবশ্যিক/ঐচ্ছিক বিষয়ে ভর্তি হওয়া যাবে না; উল্লেখ থাকে যে, স্নাতক (সম্মান) পরীক্ষায় পাশ ডিগ্রি প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না, তবে সার্টিফিকেট কোর্স সম্পন্ন করার পর প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) শ্রেণীতে ভর্তি হতে পারবে।

গ) স্নাতক (পাস) পরীক্ষায় সংশ্লিষ্ট /সমগোত্রীয় বিষয়ে নূন্যতম ৪০% নম্বর অথবা সিজিপিএ পদ্ধতিতে নূন্যতম জিপিএ-২.০০ থাকতে হবে;

ঘ) স্নাতক (পাস) কোর্সে/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)কোর্সে ভর্তির সুযোগ নেই। এছাড়াও চাকুরীরত প্রার্থীগণ নিয়মিত কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে না।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য যে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার ক্ষমতা জাতীয় বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে।

২. অন-লাইনে প্রাথমিক আবেদনের নিয়মাবলী ঃ

শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www. admissions.nu.ac.bd অথবা www..nu.ac.bd/admissions) এর Masters অপশনে ক্লিক করে Apply Now (Masters Preliminary) অপশনের মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার অর্জিত স্নাতক (সম্মান)/স্নাতক (পাস)/ পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাশের সন এন্ট্রি দিতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার পছন্দ অনুযায়ী ৩টি বিষয়ের (৪৫% নম্বর থাকা সাপেক্ষে) পছন্দক্রম উল্লেখ করতে পারবে। কলেজ/ইন্সটিটিউটের নাম select করলে শিক্ষার্থী তার স্নাতক পর্যায়ে পঠিত বিষয়ে অধিভুক্ত জেলাওয়ারী কলেজসমূহের তালিকা দেখতে পাবে এবং সতর্কতার সংগে প্রার্থিত কলেজের পছন্দ নির্বাচনসহ অন্যান্য তথ্য পূরণ করবে। এ পর্যায়ে আবেদন ফরমে শিক্ষার্থীর ছবি স্ক্যান করে(ছবি মাপ 120×150 Pixels, Image type: JPG এবং maximum file size: 50 KB.) আপলোড করতে হবে এবং submit অপশনে গিয়ে ফরম download করে A4 সাইজ কাগজে প্রিন্ট নিতে হবে। সঠিকভাবে ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) শিক্ষা কার্যক্রমের ভর্তি নির্দেশিকা অনুসরণ করতে হবে। আবেদন পত্রের নির্দিষ্ট জায়গায় প্রার্থীকে অবশ্যই স্বাক্ষর দিতে হবে। বিষয় ও কলেজ কোড নির্বাচনের পূর্বে কলেজে সংশ্লিষ্ট বিষয়ে অধিভুক্তি আছে কিনা ভর্তিচ্ছু কলেজে যোগাযোগ করে জেনে হবে।

৩. **প্রয়োজনীয় কাগজপত্র (০১ সেট)ঃ অন-লাইনে পূরণকৃত আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে ঃ-**

ক) মুক্তিযোদ্ধা সন্তান/আদিবাসি/উপজাতি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় সনদের কপি;

খ) স্নাতক (পাস) অথবা সার্টিফিকেট কোর্স পরীক্ষা পাশের নম্বর পত্র ও রেজিঃ কার্ডের কপি;

গ) ১০০০/- টাকা রূপালী ক্যাশে জমার Track No., মোবাইল নম্বর ও Pin No আবেদন ফরমের উপরের অংশে লিখে দিতে হবে;

৪. **অত্র কলেজের অধিভুক্ত বিষয়সমূহঃ**

এম.এ ঃ বাংলা, ইংরেজী, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন ও ইসলামী শিক্ষা;

এম.এস.এস ঃ রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম ও অর্থনীতি;

এম.বি.এস ঃ হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা;

এম.এস.সি ঃ পদার্থ, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, ভূগোল ও গণিত।

৫. **মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসী/উপজাতি/প্রতিবন্ধী/পোষ্য কোটার আবেদনকারীকে অবশ্যই কোটার বিষয় স্পষ্ট করে উল্লেখ করতে হবে।**

৬. **চূড়ান্ত ভর্তিঃ**

ক) মেধাতালিকা প্রকাশঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের (www. admissions.nu.ac.bd অথবা www..nu.ac.bd/admissions) **ঠিকানায় প্রকাশিত হবে;**

খ) চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের অন-লাইনে আবেদন ফরম পূরণঃ পরবর্তীতে জানানো হবে;

গ) চূড়ান্ত আবেদন ফরম,প্রয়োজনীয় কাগজপত্র ও ভর্তির জন্য নির্ধারিত ফি কলেজে জমা দেওয়ার শেষ তারিখঃ পরবর্তীতে জানানো হবে;

***** ভর্তির সময় স্বশরীরে উপস্থিত হয়ে ভর্তি কাজ সম্পন্ন করতে হবে। ভর্তির সময় মূল কাগজপত্র অবশ্যই দেখাতে হবে। ভর্তি সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য কলেজের নোটিশবোর্ড ও ওয়েব সাইট এবং জাঃবিঃ-এর**(www. admissions.nu.ac.bd অথবা www..nu.ac.bd/admissions) ঠিকানায় ভিজিট করুন।

৭. ক্লাশ শুরুর তারিখঃ ০১/০৪/২০২৬।

অধ্যক্ষ ০১/২/২৬
আনন্দ মোহন কলেজ
ময়মনসিংহ।
০১/০২/২০২৬